



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা ভূমি অফিস  
ভৈরব, কিশোরগঞ্জ  
www.acl.bhairab.kishoreganj.gov.bd

স্মারক নং-৩১.৪১.৪৮১১.০০০.১৫.০০১.২৬-২৬৭

তারিখ: ১৯ ফাল্গুন ১৪৩২  
০৪ মার্চ ২০২৬

### অফিস আদেশ

মন্ত্রিপরিষদ বিভাগের সংস্থাপন অধিশাখার ২৪ ফেব্রুয়ারি ২০২৬ তারিখের ৪.০০.০০০০.০০০.৪১১.৯৯.০০০৩.১৭.৮২ সংখ্যক স্মারকের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সরকারি কর্মচারী (নিয়মিত উপস্থিতি) বিধিমালা, ২০১৯ এবং সচিবালয় নির্দেশমালা, ২০২৪-এর ৮৬ সংখ্যক নির্দেশ মোতাবেক সকল সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত ও আধা-স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানের কর্মকর্তা/কর্মচারীর নির্ধারিত সময় অনুযায়ী অফিসে উপস্থিতি ও প্রস্থানের বাধ্যবাধকতা রয়েছে।

২। এমতাবস্থায়, জনস্বার্থে সেবা প্রদান কার্যক্রম গতিশীল রাখতে সংশ্লিষ্ট সকলকে নির্ধারিত সময়ে অফিসে উপস্থিতি ও প্রস্থান নিশ্চিত করার নির্দেশ প্রদান করা হলো। দাপ্তরিক শৃঙ্খলা ও কর্মদক্ষতা বৃদ্ধির লক্ষ্যে দৈনন্দিন কার্যতালিকা এমনভাবে বিন্যাস করতে হবে যাতে অফিস সময়ের মধ্যেই অর্পিত দায়িত্ব সুসম্পন্ন করা সম্ভব হয়। এছাড়া, অতীব জরুরি দাপ্তরিক প্রয়োজন বা উর্ধ্বতন কর্তৃপক্ষের নির্দেশনা ব্যতিরেকে অফিস সময়ের পর দপ্তরে অহেতুক অবস্থান না করার জন্যও সংশ্লিষ্ট সকলকে নির্দেশ প্রদান করা হলো। উল্লেখ্য যে, সাপ্তাহিক বা অন্যান্য ছুটির দিনে কর্মস্থল ত্যাগের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষের পূর্বানুমতি গ্রহণ বাধ্যতামূলক।

৩। এই নির্দেশনা এ দপ্তরের আওতাধীন সকল পর্যায়ের কর্মকর্তা ও কর্মচারীদের ক্ষেত্রে অবিলম্বে কার্যকর হবে। যথাযথ কর্তৃপক্ষের নির্দেশক্রমে এটি জারি করা হলো।

  
০৪-০৩-২০২৬

(এ. এইচ. এম. আজিমুল হক)  
সহকারী কমিশনার (ভূমি)  
ভৈরব, কিশোরগঞ্জ  
ফোন: +৮৮০২২২৪৪৬৭০০৯

ইমেইল: aclandbhairab2019@gmail.com

স্মারক নং-৩১.৪১.৪৮১১.০০০.১৫.০০১.২৬-২৬৭

তারিখ: ১৯ ফাল্গুন ১৪৩২  
০৪ মার্চ ২০২৬

অনুলিপি: (সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে প্রেরণ করা হলো)

- ১। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), কিশোরগঞ্জ;
- ২। উপজেলা নির্বাহী অফিসার, ভৈরব, কিশোরগঞ্জ;
- ৩। সার্ভেয়ার, উপজেলা ভূমি অফিস, ভৈরব, কিশোরগঞ্জ;
- ৪। ইউনিয়ন/পৌর ভূমি সহকারী কর্মকর্তা (সকল), ভৈরব, কিশোরগঞ্জ।
- ৫। অফিস কপি।